জামায়াতে ইসলামীর সঙ্গে আইএমএফ-এর প্রতিনিধি দলের বৈঠক অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রতিনিধি দলের সঙ্গে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আইএমএফ-এর প্রতিনিধিদলের এক বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে আইএমএফ-এর প্রতিনিধিদলের নেতৃত্ব দেন অ্যাডভাইজার টু দ্য বাংলাদেশ মিশন চিফ ক্রিস পাপাজর্জিউ। তাঁর সঙ্গে ছিলেন আইএমএফ এর ঢাকাস্থ আবাসিক প্রতিনিধি ম্যাক্সিম ক্রিশকো, ডেপুটি চীফ অব মিশন আইভো ক্রেজনার ও অর্থনৈতিক বিশ্লেষক তাওহিদ এলাহি।

বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রতিনিধি দলে ছিলেন সংগঠনের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য জনাব মোবারক হোসাইন, বিশিষ্ট শিক্ষাবিদ ড. আবদুর রব এবং জনাব শফিউল্লাহ।

বৈঠকে বাংলাদেশের টেকসই অর্থনীতি, বিভিন্ন আর্থিকখাত, করব্যবস্থা ও সামাজিক খাতের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়